



শহীদ ওসমান হাদির সমাধিতে শ্রদ্ধা জানাতে তারেক রহমান



সংগৃহীত ছবি

শহীদ ওসমান হাদির কবর জিয়ারত উপলক্ষে রাজধানীর শাহবাগে পৌঁছেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। এ সময় তাকে স্বাগত জানাতে বিভিন্ন ইউনিটের ছাত্রদল নেতাকর্মীরা শাহবাগ এলাকায় অবস্থান নেন। কর্মসূচিকে কেন্দ্র করে এলাকায় রাজনৈতিক উত্তাপ ও স্লোগানে মুখর পরিবেশ সৃষ্টি হয়। শনিবার (২৭ ডিসেম্বর) বেলা ১১টার দিকে শাহবাগ এলাকায় রাজনৈতিক তৎপরতা চোখে পড়ে। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের আগমন উপলক্ষে ছাত্রদলের বিভিন্ন শাখার নেতাকর্মীরা সেখানে জড়ো হন। স্লোগান ও ব্যানারে মুখর হয়ে ওঠে পুরো এলাকা।

ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের নেতা সোহেল রহমান বলেন, “শহীদ ওসমান হাদি আমাদের আন্দোলনের অনুপ্রেরণা। তারেক রহমান আজ তার কবর জিয়ারত করতে আসছেন—এটি আমাদের জন্য সম্মানের। ক্যাম্পাস থেকে আমরা নেতাকে স্বাগত জানাতে এসেছি।” অন্যদিকে এক ছাত্রনেতা ইসরাফিল ইসলাম বলেন, “শহীদ ওসমান হাদি শুধু একজন ব্যক্তি নন, তিনি ছাত্ররাজনীতি ও গণতান্ত্রিক সংগ্রামের প্রতীক। তারেক রহমানের এই কবর জিয়ারত শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের পাশাপাশি আন্দোলনের ধারাবাহিকতাকেই স্মরণ করিয়ে দেয়।”

এদিকে, এই কর্মসূচিকে ঘিরে শাহবাগ মোড়ে অবস্থান নেওয়া ইনকিলাব মঞ্চ নির্ধারিত সময়ের আগেই স্থান ত্যাগ করে। পরিস্থিতি স্বাভাবিক রাখতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকেও সতর্ক অবস্থানে দেখা যায়।